

মডেল অ্যাক্টিভিটি টাস্ক

বাংলা

চতুর্থ শ্রেণি

১. একটি বাক্যে উত্তর দাও :

- ১.১ ‘সন্দেহ নাই মাত্র।’— কোন্ বিষয়ে কবির মনে কোনো সন্দেহ নেই?
- ১.২ ‘গর্তের ভিতর কে ও?’— বস্তা কে?
- ১.৩ তোন্তো-চান স্কুলে গিয়ে ইয়াসুয়াকি-চানকে কোন্ অবস্থায় দেখতে পেল?
- ১.৪ “... সবাই বল্লে— ‘বেজায় মিঠে।’”— তাদের কাছে কোন্ কোন্ খাবার ‘বেজায় মিঠে’ লেগেছিল?
- ১.৫ ‘বক সে চালাক অতি চিকিৎসক—চুঞ্চু।’—‘চুঞ্চু’শব্দের অর্থ কী?
- ১.৬ ‘মালগাড়ি’ কবিতায় কথক কার কাছে ‘মালগাড়ি’ হওয়ার বর চাইবে?
- ১.৭ ‘সে ঘোর বনে মানুষের নামগন্ধ নেই, শুধু জানোয়ারের কিলিবিলি।’—কোন্ জঙ্গলের কথা বলা হয়েছে?
- ১.৮ ‘ইচ্ছা করে সেলেট ফেলে দিয়ে/ অম্নি করে বেড়াই নিয়ে ফেরি।’—কথকের কী কী ফেরি নিয়ে বেড়াতে ইচ্ছে করে?

২. নিজের ভাষায় উত্তর দাও :

- ২.১ ‘নানান ভাবের নতুন জিনিস/ শিখছি দিবারাত্রি।’—‘সবার আমি ছাত্র’ কবিতায় কবি কীভাবে প্রকৃতি থেকে দিনরাত নানান ভাবের নতুন জিনিস শেখেন?
- ২.২ ‘গাছে ওঠা ব্যাপারটা তাহলে এইরকম।’—বস্তার অভিজ্ঞতার নিরিখে গাছে ওঠা ব্যাপারটা কীরকম?
- ২.৩ ‘আম-বাগিচার তলায় যেন তারা হেসেছে।’—একথা বলা হয়েছে কেন?
- ২.৪ টীকা লেখো : পটগুলাটিশ, রাগ-বানানো, কবিতায় গল্প বলা।
- ২.৫ ‘মালগাড়ি কবিতায় কথকের ‘মালগাড়ি’ হতে চাওয়ার তিনটি কারণ নির্দেশ করো।
- ২.৬ ‘বিচি সাধ’ কবিতায় শিশুটির মনে কীভাবে বিচি সাধ জেগে ওঠে?

৩. নির্দেশ অনুসারে নীচের প্রশ্নগুলির উত্তর দাও :

- ৩.১ নীচের বাক্যগুলি থেকে সন্ধিবদ্ধ পদ খুঁজে নিয়ে সন্ধি বিচ্ছেদ করো :

- ৩.১.১ সমুদ্রের একটি নাম রত্নাকর।
- ৩.১.২ আমাদের বিদ্যালয় আমাদের গর্ব।
- ৩.১.৩ তোমার দায়িত্ব সকলকে স্বাগত জানানো।
- ৩.১.৪ ‘রমেশ’ শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের একটি বিখ্যাত চরিত্র।
- ৩.১.৫ সকলের মতোক্য হওয়া সম্ভব নয়।

৩.২ সন্ধি করো :

- ৩.২.১ সুধী + ইন্দ্র =
- ৩.২.২ দাম + উদর =
- ৩.২.৩ পূর্ণ + ইন্দু =
- ৩.২.৪ দিবস + অন্ত =
- ৩.২.৫ বন + ওষধি =

৩.৩ টীকা লেখো :

- ৩.৩.১ স্বরধ্বনি
- ৩.৩.২ ব্যঞ্জনধ্বনি

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে।

কোনো অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।